শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু
বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
জলবায়ু পরিবর্তন-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moef.gov.bd

স্মারক নম্বর: ২২.০০.০০০০.০৮৬.১৪.০৪৮.২০.২১০ তারিখ: ১৮ ভাদ্র ১৪২৭
০২ সেপ্টেম্বর ২০২০

বিষয়: জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে ভান্ডারিয়া পৌরসভা, পিরোজপুর কর্তৃক বাস্তবায়নাধীন "জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় পিরোজপুর জেলার ভান্ডারিয়া পৌরসভায় জলাবদ্ধতা নিরসন, ফুটপাত নির্মাণ, ক্ষতিগ্রস্ত সড়ক উন্নয়ন, বৃক্ষ রোপণ ও পরিবেশ উন্নয়ন" শীর্ষক প্রকল্পের ২য় সংশোধিত প্রশাসনিক আদেশ জারি সংক্রান্ত।

সূত্র: বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট হতে প্রাপ্ত পত্র নং: ২২.০৬.০০০০.১২০.১৪.৯৩২.১৬.৬৩, তারিখ: ১২/০৮/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বর্ণিত প্রকল্প প্রস্তাবটি জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ডের ৪১তম সভায় ৩৯৯.৩৭ লক্ষ টাকায় বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে ট্রাস্টি বোর্ডের ৫০তম সভায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত মেয়াদ বৃদ্ধির সংশোধিত প্রকল্প প্রস্তাব অনুমোদিত হয়। বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট এর ট্রাস্টি বোর্ডের ৫২তম সভায় উপস্থাপন করা হলে ৩৮২.৭৮৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পের মেয়াদ ডিসেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। এ অর্থ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড হতে নির্বাহ করা হবে। অনুমোদিত সংশোধিত প্রকল্প প্রস্তাবের এক প্রস্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হ'ল।

প্রকল্পটির মুল মেয়াদকালঃ আগস্ট ২০১৬ হতে আগস্ট ২০১৮।
প্রকল্পটির মেয়াদকাল (১ম সংশোধিত): আগস্ট ২০১৬ হতে ডিসেম্বর ২০১৯।
প্রকল্পটির মেয়াদকাল (২য় সংশোধিত): আগস্ট ২০১৬ হতে ডিসেম্বর ২০২০।
বাস্তবায়নকারী সংস্থাঃ ভান্ডারিয়া পৌরসভা, পিরোজপুর।
প্রকল্পটির অনুমোদিত আইটেম ও আইটেমওয়ারী ব্যয় বিভাজন নিম্নরূপঃ

(অংকসমূহ লক্ষ টাকায়)

| ক্র: নং | অর্থনৈতিক কোড | খাতের বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ০১ | ৪৯৩৬ | রাস্তা নির্মাণ ও মেরামত | ১৪৬.০৪২ |
| ০২ | ৪৯৪১ | মাটির বাধ, ফুটপাথ, পেভমেন্ট টাইলস নির্মাণ | ১২৬.৮৫৯ |
| ০৩ | ৪৯৪১ | খাল খনন ও বৃক্ষ রোপণ এবং সৌন্দর্য বর্ধন | ১০৯.৮৮৩ |
| মোট মূলধন ব্যয় | | | ৩৮২.৭৮৪ |
| সর্বমোট ব্যয় | | | ৩৮২.৭৮৪ |

প্রকল্প বাস্তবায়নের অন্যান্য শর্তাবলীঃ

১। প্রকল্প বাস্তবায়নের বিষয়ে এবং বরাদ্দকৃত এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন, সংশোধন, বাস্তবায়ন, অর্থ অবমুক্তি এবং ব্যবহার নীতিমালা অনুসরণ করতে হবে;

২। এ অর্থ সরকারের প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক ব্যয় করতে হবে এবং প্রকল্পের আওতায় উল্লিখিত ক্রয়ের ক্ষেত্রে বাংলাদেশ সরকারের Public Procurement Act (PPA), ২০০৬ এবং Public Procurement Rule (PPR), ২০০৮ অনুসরণ করতে হবে;

৩। এ অনুমোদন আদেশ জারির পর প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয় যথাশীঘ্র প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ করবে এবং বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করবে;

৪। অনুমোদিত প্রকল্প প্রস্তাব বহির্ভূত কোন অংশে এ অর্থ ব্যয় করা যাবে না;

৫। প্রকল্পের আওতায় Project Implementation Committee (PIC) গঠনপূর্বক বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টকে অবহিত করতে হবে;

৬। প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প কার্যক্রম নিয়মিত মনিটরিংপূর্বক প্রতিবেদন বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে প্রেরণ করতে হবে;

৭। অনুমোদিত প্রকল্পের অর্থছাড়ের ক্ষেত্রে ব্যয় বিভাজন (চার কিস্তির অর্থ সমভাবে বিভক্তপূর্বক) নির্ধারিত ছকে প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে প্রেরণ করতে হবে;

৮। প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি (বাস্তব ও আর্থিক) প্রতিবেদনের হার্ড কপি এবং সফট্ কপি bcctmoef@hotmail.com এ ই-মেইল ঠিকানায় প্রেরণ নিশ্চিত করতে হবে;

৯। প্রকল্প বাস্তবায়ন শুরুর পূর্বে প্রকল্প এলাকার বর্তমান অবস্থা/পরিস্থিতির রঙ্গিন ছবি ট্রাস্ট কার্যালয়ে প্রেরণ করতে হবে;

১০। প্রকল্প পরিচালকের কার্যালয়ে এবং প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন এলাকায় বিসিসিটি কর্তৃক নির্ধারিত পরিমাপ (৩ ফুট বাই ২ ফুট) ও স্পেসিফেকেশন অনুযায়ী প্রকল্পের সংশ্লিষ্ট তথ্য সম্বলিত দৃশ্যমান সাইনবোর্ড স্থাপন করতে হবে;

১১। সংশোধিত জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড ব্যবহার নীতিমালা অনুযায়ী অনুমোদন আদেশ জারির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে প্রকল্পের কার্যক্রম শুরু না হলে প্রকল্পের অনুমোদন আদেশ বাতিন বলে গণ্য হবে;

১২। প্রকল্প কার্যক্রম নির্ধারিত সময়ে সমাপ্ত করতে হবে এবং প্রকল্প শেষে অডিট রিপোর্টের কপি বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে যথাসময়ে প্রেরণ করতে হবে;

১৩। প্রকল্পের ব্যাংক বিবরণীসহ সুদ সমেত অব্যয়িত ও সাশ্রয়কৃত অর্থ এবং প্রকল্পের অনুকূলে ক্রয়কৃত মালামাল ও যন্ত্রপাতি বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে ফেরত প্রদান করতে হবে।

১৪। প্রকল্প সমাপ্তির ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে প্রকল্প পরিচালক কর্তৃক প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) নির্ধারিত ছকে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে প্রেরণ করতে হবে।

৬-৯-২০২০
মোঃ মাজেদুল ইসলাম
উপসচিব

জনাব মো: শহিদুজ্জামান আকন্দ, সহকারী প্রকৌশলী (সিভিল), ভান্ডারিয়া পৌরসভা, পিরোজপুর ও প্রকল্প পরিচালক "জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় পিরোজপুর জেলার ভান্ডারিয়া পৌরসভায় জলাবদ্ধতা নিরসন, ফুটপাত নির্মাণ, ক্ষতিগ্রস্ত সড়ক উন্নয়ন, বৃক্ষ রোপণ ও পরিবেশ উন্নয়ন" শীর্ষক প্রকল্প (অনুমোদিত প্রকল্প প্রস্তাবের ১ প্রস্থসহ)।

স্মারক নম্বর: ২২.০০.০০০০.০৮৬.১৪.০৪৮.২০.২১০/১(৮)

তারিখ: ১৮ ভাদ্র ১৪২৭
০২ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
২) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, মহাখালী, ঢাকা।
৩) জেলা প্রশাসক, পিরোজপুর (প্রকল্পটি জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় এজেন্ডাভুক্তকরণ এবং পরিবীক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৪) মেয়র, ভান্ডারিয়া পৌরসভা, পিরোজপুর।
৫) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৬) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৭) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৮) সিস্টেম এনালিস্ট , আইসিটি শাখা , পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৬-৯-২০২০
মোঃ মাজেদুল ইসলাম
উপসচিব